



শিশুদের সাথে গাড়ীতে ভ্রমণ

অস্ট্রেলিয়ার আইন অনুযায়ী ৭ বছরের নিচে সকল শিশুকে গাড়ীতে ভ্রমণের সময় অবশ্যই চাইল্ড রেস্ট্রইন্ট ব্যবহার করতে হবে। গাড়ীর সংঘর্ষের সময়ে শিশু যেন আঘাত পাওয়া থেকে রক্ষা পেতে পারে সেজন্যই এ ব্যবস্থা।

কি ধরনের রেস্ট্রইন্ট প্রয়োজন তা নির্ভর করে শিশুর বয়স ও আকারের ওপর। রেস্ট্রইন্টটি অবশ্যই শিশুটির জন্য সঠিক আকারের, ঠিকভাবে সমন্বিত ও লাগানো এবং গাড়ীর সাথে যথোপযুক্তভাবে মাপসই হতে হবে।

০-৬ মাসের শিশুদের

অবশ্যই একটি পশ্চাৎমুখী রেস্ট্রইন্ট-এ ভ্রমণ করতে হবে। রেস্ট্রইন্টটি অবশ্যই পেছনের সীটে হতে হবে - সামনের সীটে নয়।



৬ মাস থেকে ৪ বছরের মধ্যবর্তী শিশুরা



- তাদের আকারের উপর নির্ভর করে অন্তঃনির্মিত স্ট্র্যাপ-সহ পশ্চাৎ-মুখী রেস্ট্রইন্ট বা সম্মুখ-মুখী কারসীটে ভ্রমণ করতে পারবে। রেস্ট্রইন্টটিতে শিশুটিকে অবশ্যই পেছনের সীটে ভ্রমণ করতে হবে - সামনের সীটে নয়।
- ৮ বছর বয়স পর্যন্ত শিশুদের জন্য অন্তঃনির্মিত হারনেস-সহ রেস্ট্রইন্ট এখন পাওয়া যাচ্ছে।

৪ বছর থেকে ৭ বছর বয়সের শিশুরা




- তাদের আকারের উপর নির্ভর করে সম্মুখ-মুখী কারসীটে বা বুস্টার সীটে ভ্রমণ করতে পারবে। বুস্টার সীট শিশুকে সঠিক জায়গায় উঠিয়ে নেয় যেন সীটবেল্ট তাদের মাপসই হয়।
- ৪ বছর থেকে ৭ বছর বয়সের শিশুরা শুধুমাত্র তখনই সম্মুখ-মুখী কারসীটে (বুস্টার সীট ব্যবহার করে) ভ্রমণ করতে পারবে যদি পেছনের সব সীট ৭ বছর বয়সী শিশু দ্বারা পূর্ণ থাকে।
- যেসব বুস্টার সীটের পেছনে এবং উপরে টিদার আছে সেগুলো অন্যগুলোর তুলনায় বেশী নিরাপদ।
- ১৪৫ সেমি লম্বা হবার আগ পর্যন্ত শিশুদের বুস্টার সীটে থাকা উচিত। তারা যদি যথা সময়ের অনেক আগেই বড়দের সীটবেল্টে চলে যায় তবে সংঘর্ষের সময় তাদের আঘাত পাবার ঝুঁকি খুব বেশী থাকে।

রেস্ট্রইন্ট সংস্থাপন

আপনার যানবাহনের সাথে রেস্ট্রইন্ট বা বুস্টার সীট লাগানোর জন্য সবসময় প্রস্তুতকারকের নির্দেশাবলী অনুসরণ করুন।

8 বছরের কম বয়সের শিশুর জন্য, রেস্ট্রইন্ট লাগানোর অর্থ হলো যেঃ


- রেস্ট্রইন্টটি গাড়ীর সাথে এমনভাবে লাগানো যেন সীটবেল্টটি চিহ্ন দেয়া স্লটের মধ্য দিয়ে নেয়া যায় ও বাঁধা যায়।



- উপরের টিদার স্ট্র্যাপটি হুক-সহ গাড়ীর সাথে লাগানো থাকে।




- শিশুকে রেস্ট্রইন্ট-এ ধরে রাখার জন্য স্ট্র্যাপগুলো বাঁধা থাকে।



8 বছরের বেশী বয়সের শিশুর জন্য, বুস্টার সীটে ভ্রমণ করাঃ

- যদি উপরে টপ টিদার স্ট্র্যাপ দিয়ে একে গাড়ীর সাথে আটকানো যায়।
- শিশুকে ঘিরে সীটবেল্টটি বাঁধতে হবে।



রেস্ট্রইন্ট নির্বাচন

অস্ট্রেলিয়ার নিরাপত্তার মানদণ্ডসমূহ (AS/NZS 1754) মেনে চলে যেসব শিশু রেস্ট্রইন্ট বা বুস্টার সীট, শুধুমাত্র সেগুলোরই ব্যবহারের অনুমতি আছে। এর মানে হলো কারসীট অন্য কোনো দেশ থেকে কিনে অস্ট্রেলিয়াতে আনলে তা ব্যবহারের অনুমতি নেই।



পূর্বে ব্যবহৃত রেস্ট্রইন্ট বা বুস্টার সীট ব্যবহার করা থেকে বিরত থাকুন কারণ সেগুলো নষ্ট থাকতে পারে এবং নিরাপদ নাও হতে পারে।

শিশুদের জন্য রেস্ট্রইন্ট ব্যবহার না করলে বিপুল পরিমাণে জরিমানা এবং লাইসেন্স থেকে পয়েন্ট কাটা হয়। গাড়ীর মধ্যে যারা সঠিকভাবে রেস্ট্রইন্ট বাঁধেনি এই জরিমানা তাদের প্রত্যেকের জন্য প্রযোজ্য।